



## নিয়োগ বিজ্ঞপ্তি

নামুজা অর্থনৈতিক উন্নয়ন সংস্থা-NEDO একটি বে-সরকারী সামাজিক উন্নয়ন সংস্থা। অত্র সংস্থার শাখা সম্প্রসারণের লক্ষ্যে সৎ, উদ্যোগী, পরিশ্রমী আগ্রহী মহিলা/পুরুষ প্রার্থীদের নিকট হইতে শর্তপূরণ সাপেক্ষে নিম্নে উল্লেখিত পদের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

০১	উপ-পরিচালক(অডিট-মনিটরিং) (০২ জন) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ স্নাতক/স্নাতকোত্তর। মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে পিকেএসএফ এর সহযোগী প্রতিষ্ঠানে এরিয়া ম্যানেজার/অডিট-মনিটরিং এ কমপক্ষে ৫ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর। বেতন-ভাতা: সর্বসাকুল্যে বেতন+ভাতা বাবদ= ২৩,১৪০/- টাকাসহ সংস্থার নিয়মানুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে। (অধিক যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন ও বয়স আলোচনা সাপেক্ষ)
০২	শাখা ব্যবস্থাপক (০৩ জন) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ স্নাতক/স্নাতকোত্তর। মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে শাখা ব্যবস্থাপক হিসেবে কমপক্ষে ৩ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশ কাল (০৬) মাস, সর্বসাকুল্যে= ১২,০০০/-। চাকুরী স্থায়ী হলে সর্বসাকুল্যে বেতন+ভাতা বাবদ= ১৯,৪৬০/- টাকাসহ সংস্থার নিয়মানুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে।
০৩	হিসাব রক্ষক/সুপারভাইজার, পুরুষ/মহিলা (০২ জন) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ বি.কম/স্নাতকোত্তর। মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে হিসাব রক্ষক হিসেবে কমপক্ষে ২ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশ কাল (০৬) মাস, সর্বসাকুল্যে= ৮,০০০/-। চাকুরী স্থায়ী হলে সর্বসাকুল্যে বেতন+ভাতা বাবদ= ১২,৩০০/- টাকাসহ সংস্থার নিয়মানুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে।
০৪	মাঠ সংগঠক (০৪ জন), পুরুষ/মহিলা শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ এইচ.এস.সি/সমমান। মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে কাজ করার বাস্তব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স: ১৮-৩০ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশ কাল (০৬) মাস, সর্বসাকুল্যে= ৭,০০০/-। চাকুরী স্থায়ী হলে সর্বসাকুল্যে বেতন+ভাতা বাবদ =৯,১০৪/- টাকাসহ সংস্থার নিয়মানুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে।

\*সংস্থার নীতিমালা অনুযায়ী বাৎসরিক ইনক্রিমেন্ট এবং প্রতি বছর ১ মাসের ছোস সেলারির সমপরিমাণ ২টি উৎসব ভাতা প্রাপ্য হবেন এবং হিসাব রক্ষক ও মাঠ সংগঠক নিজস্ব মটর সাইকেল ব্যবহার করলে জ্বালানী বিল বাবদ প্রতি মাসে ১৫০০/- টাকা করে প্রাপ্য হবেন।

### আবেদনের নিয়মাবলীঃ

- আগ্রহী প্রার্থীদের সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, মোবাইল নম্বরসহ পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার, অভিজ্ঞতার সনদপত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি সহ স্বহস্তে লিখিত আবেদন পত্র আগামী ০৪/০১/২০১৮ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে 'নির্বাহী পরিচালক, নামুজা অর্থনৈতিক উন্নয়ন সংস্থা- NEDO, নামুজা বাজার, পোস্ট: বুড়িগঞ্জ, বগুড়া সদর, বগুড়া- ৫৮১০' বরাবরে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।
- ১নং পদের জন্য ৫০০/-, ২নং পদের জন্য ৪০০/-, ৩নং পদের জন্য ৩০০/- ০৪ নং পদের জন্য ২০০/- সোনালী ব্যাংক লিঃ, নামুজা হাট শাখা, চলতি হিসাব নং-০০১০০৪০৫২ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) অথবা প্রধান কার্যালয় হতে গ্রহনকৃত মানি রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- সকল পদের নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে মোবাইলের মাধ্যমে জানানো হবে।
- সকল পদের ক্ষেত্রে খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- নির্বাচিত প্রার্থীদেরকে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদ সঙ্গে আনতে হবে এবং সংস্থা কর্তৃক নির্ধারিত পরিমাণ জামানত (ফেরতযোগ্য) প্রদান করতে হবে।
- নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

নির্বাহী পরিচালক  
নামুজা অর্থনৈতিক উন্নয়ন সংস্থা-NEDO